# প্রাথমিক শিক্ষা সমাপনী
# পরীক্ষা ২০১৪ এর মডেল প্রশ্ন

**বিষয় — প্রাথমিক বিজ্ঞান**

**সময়– ২ ঘন্টা ৩০ মিনিট**

**পূর্ণমান– ১০০**

**[দ্রষ্টব্য: ডান পাশে উল্লেখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]**

**১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ:** ১×৪০=৪০

(১) কিউলেক্স মশার কামড়ে কোন রোগ হয়?
ক) গোদ খ) যক্ষ্মা গ) বসন্ত ঘ) হাম

(২) পৃথিবীর মেরু রেখাটি কক্ষের সঙ্গে কত ডিগ্রি কোণ করে আছে?
ক) ৬৫ ডিগ্রি খ) ৬৬ ডিগ্রি গ) ৬৭ ডিগ্রি ঘ) ৬৮ ডিগ্রি

(৩) কৃষি প্রযুক্তির অগ্রগতিকে কয়টি ভাগে ভাগ করা হয়েছে?
ক) ২টি খ) ৩টি গ) ৪টি ঘ) ৫টি

(৪) কৃষিক্ষেত্রে কখন বড় বিপ্লব ঘটে?
ক) বিংশ শতাব্দীর শুরুর দিকে খ) বিংশ শতাব্দীর শেষ দিকে
গ) উনবিংশ শতাব্দীর শুরুর দিকে ঘ) উনবিংশ শতাব্দীর শেষ দিকে

(৫) সবচেয়ে বড় কোনটি?
ক) পৃথিবী খ) সূয গ) সৌরজগৎ ঘ) মহাবিশ্ব

(৬) যক্ষ্মা রোগের প্রতিষেধক কোনটি?
ক) পেনিসিলিন খ) বিসিজি গ) স্যালাইন ঘ) ব্যাকটেরিয়া

(৭) বাংলাদেশের জলবায়ু কেমন?
ক) শীতল খ) উষ্ণ গ) উষ্ণ ও শুষ্ক ঘ) উষ্ণ ও আর্দ্র

(৮) নিচের কোনটি গ্রিন হাউজ গ্যাস?
ক) নাইট্রোজেন খ) অক্সিজেন গ) হাইড্রোজেন ঘ) জলীয় বাষ্প

(৯) অনবায়নযোগ্য প্রাকৃতিক সম্পদ কোনটি?
ক) গাছপালা খ) পশুপাখি গ) ঘ) কয়লা

(১০) বিজ্ঞানভিত্তিক জ্ঞান ও কলাকৌশল গত যথাযথ শিক্ষার ব্যবস্থা করলে জনসংখ্যা কিসে রূপান্তরিত হবে?
ক) জনসম্পদে খ) মহা বিস্ফোরণে গ) গণবেকারত্বে ঘ) প্রাকৃতিক সম্পদে

(১১) আর্সেনিকোসিস একটি—
ক) সংক্রামক রোগ খ) পানিবাহিত রোগ
গ) বায়ুবাহিত রোগ ঘ) ভাইরাস জনিত রোগ

(১২) কঠিন দশার পদার্থের পরমাণুগুলোর বন্ধন কেমন থাকে?
ক) ঢিলা খ) নরম গ) দৃঢ় ঘ) শিথিল

Copyright Md Shah Jamal

(১৩) কোমল পানীয়ের সাথে কীভাবে কার্বন ডাই অক্সাইড গ্যাস মিশানো হয়?

ক) উচ্চ চাপে   খ) নিম্ন তাপমাত্রায়   গ) নিম্ন চাপে   ঘ) উচ্চ তাপমাত্রায়

(১৪) কোন মাধ্যম থেকে নিরাপদ পানি পাওয়ার সম্ভাবনা বেশি?

ক) পুকুর   খ) বুড়িগঙ্গা নদীর

গ) চলন বিলের   ঘ) আর্সেনিকমুক্ত নলকূপের

(১৫) শব্দ দূষণের ফলে হার্টের রোগীদের ক্ষেত্রে কী ঘটতে পারে?

ক) সুস্থবোধ করবে   খ) হৃদ স্পন্দন বাড়বে

গ) ঘন ঘন কাশি হবে   ঘ) হৃদ স্পন্দন কমবে

(১৬) কোনটির মাধ্যমে উদ্ভিদের পরাগায়ন ঘটে?

ক) আলো   খ) পানি   গ) বীজ   ঘ) কীটপতঙ্গ

(১৭) কিসের প্রয়োগে মাটির উর্বরতা নষ্ট হয়?

ক) গোবর   খ) কম্পোস্ট সার

গ) রাসায়নিক সার ও কীটনাশক   ঘ) উপরের সবগুলো

(১৮) সম্পদ সংরক্ষণ ও পরিবেশ দূষণ হ্রাসে কোনটি করণীয়?

ক) উৎপাদন বন্ধ করা   খ) ক্ষতিকর পোকা মেরে ফেলা

গ) অপ্রয়োজনীয় ব্যবহার বন্ধ করা   ঘ) কলকারখানা দূরে স্থাপন করা

(১৯) প্রাচীনকালে মানুষের ধারণা ছিল–

ক) পৃথিবী স্থির   খ) পৃথিবী নক্ষত্রগুলোকে কেন্দ্র করে ঘোরে

গ) পৃথিবী গতিশীল   ঘ) নক্ষত্রগুলো স্থির

(২০) সুস্থভাবে জীবনযাপনের জন্য কোন ধরনের খাদ্য অধিক গুরুত্বপূর্ণ?

ক) সস্তা খাদ্য   খ) সুষম খাদ্য   গ) ভারী খাদ্য   ঘ) দামি খাদ্য

(২১) নিচের কোনটির জন্য প্রাণী উদ্ভিদের উপর নির্ভরশীল?

ক) আলো   খ) পানি   গ) বীজ   ঘ) খাদ্য

(২২) বায়ু, পানি ও মাটি দূষিত হওয়ার প্রধান কারণ কোনটি?

ক) জলাশয়ের উপর কাঁচা পায়খানা তৈরি   খ) কলকারখানার বর্জ্য

গ) যানবাহনের ব্যবহার   ঘ) জনসংখ্যার বাড়তি চাহিদা মেটানো

(২৩) উদ্ভিদ মাটি থেকে কীসের সাহায্যে পুষ্টি উপাদান শোষণ করে?

ক) মাটি   খ) পানি   গ) বায়ু   ঘ) আলো

(২৪) কোন গ্যাসটি বিষাক্ত?

ক) অক্সিজেন   খ) কার্বন ডাই–অক্সাইড

গ) নাইট্রোজেন   ঘ) কার্বন মনোক্সাইড

(২৫) খাদ্যে কৃত্রিম রং ও রাসায়নিক দ্রব্য ব্যবহারের ফলে–

ক) দাঁত অকার্যকর হয়   খ) বাচ্চারা ভারী দেহধারী হয়

গ) লিভার ও কিডনি অকার্যকর হয়   ঘ) শিশুরা শুকিয়ে যায়

Copyright Md Sirah Jamal

(২৬) বয়ঃসন্ধিকালের পরিবর্তনের সময় ছেলে মেয়েদের মধ্যে নিচের কোনটি ঘটে?
ক) সবার সাথে বন্ধুভাবাপন্ন হয় খ) লেখাপড়ায় অধিক মনোযোগী হয়
গ) প্রতিদিন স্কুলে যেতে পছন্দ করে ঘ) শারীরিক,মানসিক ও আচরণের পরিবর্তন হয়

(২৭) দিন–রাত্রির কারণ হলো–
ক) পৃথিবী সূর্যের চারপাশে ঘুরে খ) সূর্য উদয় ও অস্ত যায়
গ) পৃথিবী নিজ অক্ষের ওপরে পাক খায় ঘ) চাঁদ পৃথিবীর চারপাশে ঘুরে

(২৮) প্রযুক্তির উদ্ভাবনে কোনটি প্রয়োজন?
ক) আর্থিক সামর্থ্য খ) দৈহিক সামর্থ্য গ) বিজ্ঞানের জ্ঞান ঘ) বংশগত পরিচয়

(২৯) তথ্য প্রযুক্তি আমাদের লাঘব করেছে–
ক) বুদ্ধিগত কাজ খ) কায়িক শ্রম গ) যাতায়াত ঘ) কৃষি শ্রম

(৩০) নিচের কোন রাসায়নিক পদার্থ খাদ্যে ভেজাল হিসেবে মেশানো হয়?
ক) আয়োডি খ) ফরমালিন গ) ক্যালসিয়াম ঘ) কার্বোহাইড্রেট

(৩১) কোনটি নবায়নযোগ্য প্রাকৃতিক সম্পদ?
ক) তেল খ) পানি গ) গ্যাস ঘ)জীবাশ্ম জ্বালানি

(৩২) সবুজ শক্তি (গ্রিন এনার্জি) বলতে বুঝায়?
ক) গ্যাস খ) বায়ুপ্রবাহ গ) তেল ঘ) কয়লা

(৩৩) একটি শিশুর জন্মগ্রহণের পর তার সর্বপ্রথম মৌলিক চাহিদা হচ্ছে–
ক) মাতৃদুগ্ধ খ) পোশাক গ) চিকিৎসা ঘ) বাসস্থান

(৩৪) আত্ম–কর্মসংস্থান বলতে কী বুঝায়?
ক) সরকারি চাকুরি খ) নিজেদের উদ্যোগে অর্থ উপার্জন
গ) বেসরকারি চাকুরি ঘ) শিল্প–কারখানায় চাকুরি

(৩৫) পানি দূষণ রোধের মূল উপায় হচ্ছে–
ক) বর্জ্য শোধনের ব্যবস্থা করা খ) পানিতে বর্জ্য না ফেলা
গ) বর্জ্য আইনের পুরোপুরি বাস্তবায়ন ঘ) বর্জ্য সৃষ্টি না করা

(৩৬) জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তরে প্রয়োজন–
ক) মানসম্মত বিজ্ঞান শিক্ষক খ) মানসম্মত পাঠ্যবই
গ) মৌলিক জ্ঞান ও কলাকৌশল ঘ) বাস্তবভিত্তিক বিজ্ঞান শিক্ষা

(৩৭) বিজ্ঞানীদের মধ্যে আগামী ১০০ বছরে ফুরিয়ে যেতে পারে–
ক) প্রাকৃতিক সম্পদ খ) প্রাণি সম্পদ গ) জীবাশ্ম সম্পদ ঘ) বায়ু সম্পদ

(৩৮) সবচেয়ে আধুনিক প্রযুক্তি হলো–
ক) কৃষি প্রযুক্তি খ) যাতায়াত প্রযুক্তি গ) তথ্য প্রযুক্তি ঘ) গৃহ নির্মাণ প্রযুক্তি

(৩৯) কোনটি প্রযুক্তি দ্বারা প্রভাবিত নয়?
ক) শিক্ষা খ) যাতায়াত গ) কৃষি ঘ) দিন রাত্রির দৈর্ঘ্য

(৪০) নিচের কোনটি জাঙ্ক ফুড?
ক) আলুর ভর্তা খ) রুটি গ) পটেটো চিপস ঘ) পরটা

Copyright Md Shah Jamal

২। শূন্যস্থানের প্রযোজ্য শব্দ বা শব্দসমূহ উত্তরপত্রে লেখ : ১×১০=১০

ক) প্রাণী নিজের ______ নিজে তৈরি করতে পারে না।

খ) সূর্যের তাপে পানি ______ পরিণত হয়।

গ) বৈদ্যুতিক বাতি জ্বালালে ______ শক্তি ______ শক্তিতে রূপান্তরিত হয়।

ঘ) তীব্র ঠান্ডায় খাদ্যে ______ জন্মায় না।

ঙ) বয়ঃসন্ধিকালে ছেলে ও মেয়েদের বিভিন্ন ______ পরিবর্তন ঘটে।

চ) তত্ত্ব সৃষ্টি করতে ______ চিন্তা প্রয়োজন।

ছ) প্রযুক্তির যথাযথ ব্যবহারে ______ এর জ্ঞান প্রয়োজন।

জ) জলবায়ু হলো কোন স্থানের দীর্ঘ সময়ের ______ ফল।

ঝ) বৈশ্বিক উষ্ণায়নের মূল কারণ বায়ুমন্ডলে ______ গ্যাসের পরিমাণ বৃদ্ধি।

ঞ) চট্টগ্রামের কাপ্তাই নদীতে বাঁধ নির্মাণ করে ______ উৎপাদন করা হচ্ছে।

৩। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ: ১×১০=১০

ক) খাদ্যশৃঙ্খল কাকে বলে?

খ) পরিবেশ দূষণ কাকে বলে?

গ) দূষিত পানি পান করলে কী কী রোগ হতে পারে?

ঘ) বায়ুর চারটি উপাদানের নাম লেখ ।

ঙ) পাঁচ রকম শক্তির নাম লেখ ।

চ) খাদ্য সংরক্ষণ বলতে কী বুঝ?

ছ) গ্যালাক্সি কাকে বলে?

জ) নিম্নচাপ কীভাবে সৃষ্টি হয়?

ঝ) উইন্ডমিল কী?

ঞ) জনসংখ্যা বলতে কী বুঝ?

৪। ক, খ ও গ নং প্রশ্নসহ যেকোনো আটটি প্রশ্নের উত্তর লেখ : ৫×৮=৪০

ক) উদ্ভিদ ও প্রাণী সংরক্ষণের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর।

খ) কার্বন ডাই অক্সাইড গ্যাস কী কী কাজে লাগে?

গ) পরিবেশ দূষণের কারণগুলো আলোচনা কর।

ঘ) চিত্রসহ পানিচক্র ব্যাখ্যা কর।

ঙ) বায়ু প্রবাহকে আমরা কী কী কাজে ব্যবহার করতে পারি?

চ) পদার্থের তিন দশার বৈশিষ্ট্য বর্ণনা কর।

ছ) চিত্রসহ দিন রাত্রির কারণ ব্যাখ্যা কর।

জ) বিজ্ঞানের অপব্যবহারের কয়েকটি উদাহরণ দাও।

ঝ) আমাদের জীবনে তথ্যপ্রযুক্তির প্রভাব কী?

ঞ) খাদ্য সংরক্ষণের গুরুত্ব ব্যাখ্যা কর।

Copyright Md Shah Jamal